গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়
নারায়ণগঞ্জ সদর, নারায়ণগঞ্জ।

স্মারক নং- ১৩.০২.৬৭০৬.০০২.০৬.০০১.২২ - ৪৮ তারিখ ঃ ১৪/০৩/২০২২ খ্রি.

'সভার নোটিশ'

এতদ্বারা 'উপজেলা বাজার মূল্য পর্যবেক্ষণ, মনিটরিং ও নিয়ন্ত্রণ' সংক্রান্ত স্থায়ী কমিটি'র সকল সদস্যদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আগামী ২২-০৩-২০২২ খ্রিঃ তারিখ রোজ মঙ্গলবার দুপুর ১২.০০ ঘটিকায় ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নারায়ণগঞ্জ সদর এর সভাপতিত্বে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে এক সভা অনুষ্ঠিত হবে।

২। উক্ত সভায় কমিটির সম্মানিত সদস্যগণকে যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

আলোচ্যসূচী ঃ

১. গত সভার কার্যবিবরণী দৃঢ়করণ সংক্রান্ত।
২. বাজার মূল্য পর্যবেক্ষণ, মনিটরিং ও নিয়ন্ত্রণ পর্যালোচনা।
৩. ভোক্তা অধিকার আইন বাস্তবায়ন সংক্রান্ত।
৪. বিবিধ।

(আঃ মুকিত)
উপজেলা খাদ্য নিয়ন্ত্রক
ও
সদস্য সচিব
বাজার মূল্য পর্যবেক্ষণ, মনিটরিং ও নিয়ন্ত্রণ সংক্রান্ত স্থায়ী কমিটি
নারায়ণগঞ্জ সদর।

বিতরণ ঃ

১. ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নারায়ণগঞ্জ সদর।
২. জনাব.......................................

CamScanner

উপজেলা বাজার মূল্য পর্যবেক্ষণ, মনিটরিং ও নিয়ন্ত্রণ সংক্রান্ত স্থায়ী কমিটি'র মার্চ/২০২২ মাসের সভার কার্যবিবরণী ঃ

সভাপতি	ঃ	নাজিম উদ্দিন আহম্মেদ, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নারায়ণগঞ্জ।
স্থান	ঃ	উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, নারায়ণগঞ্জ সদর।
তারিখ	ঃ	২২-০৩-২০২২ খ্রিঃ, সময় ঃ দুপুর ১২.০০ ঘটিকা।

আলোচ্যসূচী ঃ

১. গত সভার কার্যবিবরণী দৃঢ়করণ সংক্রান্ত।
২. বাজার মূল্য পর্যবেক্ষণ, মনিটরিং ও নিয়ন্ত্রণ পর্যালোচনা।
৩. ভোক্তা অধিকার আইন বাস্তবায়ন সংক্রান্ত।
৪. বিবিধ।

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা ঃ

ক্রমিক নং	নাম	পদবী	স্বাক্ষর
০১	ভাইস-চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নারায়ণগঞ্জ সদর	সভাপতি	স্বাক্ষরিত
০২	জনাব মো: শওকত আলী, চেয়ারম্যান, বক্তাবলী ইউনিয়ন পরিষদ, নারায়ণগঞ্জ, সদর।	সদস্য	স্বাক্ষরিত
০৩	জনাব মো: বাছদ প্রধান, সদস্য, ফতুল্লা, ইউনিয়ন পরিষদ, নারায়ণয়ণগঞ্জ সদর	সদস্য	স্বাক্ষরিত
০৪	জনাব মো: হান্নানুর রফিক রঞ্জু, সদস্য কুতুবপুর ইউনিয়ন পরিষদ নারায়ণগঞ্জ সদর	সদস্য	স্বাক্ষরিত
০৫	উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, নারায়ণগঞ্জ সদর	সদস্য-সচিব	স্বাক্ষরিত

সভাপতি সভায় উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে পারস্পরিক শুভেচ্ছান্তে সভার কাজ শুরু করেন। অতঃপর সদস্য সচিবকে গত সভার সিদ্ধান্ত ও এ সভার কার্যপত্র উপস্থাপনের আহ্বান জানান।

আলোচ্য বিষয়				
গত সভার কার্যবিবরণী দৃঢ়করণ ঃ	ঃ	বিবরণী	ঃ	সভাপতির অনুমতিক্রমে সদস্য সচিব সকলকে স্বাগত জানিয়ে পারস্পরিক শুভেচ্ছা বিনিময়ের পরে গত সভার কার্যবিবরণী সভায় পেশ করেন। কার্যবিবরণীতে কোন সংশোধন রয়েছে কিনা সভায় জানতে চান।
		সিদ্ধান্ত	ঃ	আলোচনাক্রমে কোনরূপ সংশোধনী ছাড়াই কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে দৃঢ়করণ করা হয়।
		বাস্তবায়ন	ঃ	--
অতঃপর গত সভার সিদ্ধান্তের অগ্রগতি ও বাস্তবায়ন বিষয়ে পর্যায়ক্রমে আলোচনা ও অদ্যকার কার্যপত্র/আলোচ্যসূচী সম্পর্কিত আলোচনা অনুষ্ঠিত হয়।				
আলোচনা-২ বাজার মূল্য পর্যবেক্ষণ, মনিটরিং ও নিয়ন্ত্রণ পর্যালোচনা	ঃ	বিবরণী	ঃ	সভাপতির অনুমতিক্রমে উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, বন্দর, নারায়ণগঞ্জ সভায় বলেন, বন্দর উপজেলার আওতাধীণ প্রধান প্রধান বাজার থেকে নিয়মিতভাবে বাজার মূল্য সংগ্রহ করা হয় এবং রেজিস্টারে এন্ট্রি করা হয়। সাপ্তাহিক ও পাক্ষিক বাজার মূল্যের প্রতিবেদন সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট দাখিল করেন। বর্তমানে বাজার মূল্য স্থিতিশীল রয়েছে। মূল্য তালিকা অনুযায়ী পণ্য বিক্রয় করার জন্য পাইকারী ও খুচরা দোকনদারগণকে উদ্বুদ্ধ করার বিষয়ে বিশদ আলোকপাত করা হয়।
		সিদ্ধান্ত	ঃ	১) বাজার মালিক সমিতি ও বাজার কমিটিকে প্রতিটি পাইকারী ও খুচরা দোকানদার যাতে জনসাধারণের মাঝে মূল্য তালিকা অনুযায়ী দ্রব্যাদি বিক্রয় করে সে বিষয়ে সচেতন থাকার নির্দেশনা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। ২) বন্দর উপজেলাধীণ বড় বড় বাজার থেকে নিয়মিতভাবে ভোগ্য পণ্যের বাজার মূল্য সংগ্রহ করার জন্য উপজেলা খাদ্য নিয়ন্ত্রককে অনুরোধ জানানো হয়।
		বাস্তবায়ন	ঃ	উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, সদর নারায়ণগঞ্জ।
আলোচনা-৩ ভোক্তা অধিকার আইন বাস্তবায়ন	ঃ	বিবরণী	ঃ	সভাপতির অনুমতিক্রমে উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, নারায়ণগঞ্জ সদর সভায় আরও জানান যে, সদর উপজেলাধীন (সিটিকর্পোরেশনসহ) উপজেলাধীণ বিভিন্ন বাজারে প্রতিটি পাইকারী ও খুচরা দোকানদার যাতে জনসাধারণের মাঝে ভোক্তা অধিকার আইন-২০১০ এর সুফল ও কুফল

CamScanner

সংক্রান্ত				বিষদভাবে জানতে পারে সে বিষয়ে বাজার মালিক সমিতি ও বাজার কমিটিকে অনুরোধ জানানো হয় এবং এতদবিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।
		সিদ্ধান্ত	ঃ	বিস্তারিত আলোচনান্তে বিভিন্ন বাজারে বাজার মালিক সমিতি ও বাজার কমিটিকে প্রতিটি পাইকারী ও খুচরা দোকানদারদের মাঝে ভোক্তা অধিকার আইন-২০১০ এর সুফল ও কুফল সংক্রান্ত লিফলেট বিতরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।
		বাস্তবায়ন	ঃ	উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, নারায়ণগঞ্জ সদর।
সভাপতির সার্বিক মন্তব্য	ঃ	বিবরণী	ঃ	সভাপতি প্রানবন্ত আলোচনা পেশ করার জন্য সকলকে আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করেন। পাশাপাশি অদ্যকার সভার সিদ্ধান্তসমূহ সফলভাবে বাস্তবায়নের জন্য সকলকে উদাত্ত আহ্বান করেন।
		সিদ্ধান্ত	ঃ	--
		বাস্তবায়ন	ঃ	--

সভায় আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(নাজিম উদ্দিন আহম্মেদ)
ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ
ও
সভাপতি
বাজার মূল্য পর্যবেক্ষণ, মনিটরিং ও নিয়ন্ত্রণ সংক্রান্ত স্থায়ী কমিটি
নারায়ণগঞ্জ সদর।

খাদ্য অধিদপ্তর

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়
নারায়ণগঞ্জ সদর।

মুজিব শতবর্ষ MUJIB 100

স্মারক নং- ১৩.০২.৬৭০৬.০০২.০৬.০০১.২০- ৫৫ তারিখঃ ২২/০৩/২০২২ খ্রি.

অনুলিপি ঃ সদয় জ্ঞাতার্থে প্রেরণ করা হলো-

১. মাননীয় জাতীয় সংসদ সদস্য ২০৫, নারায়ণগঞ্জ-৪।
২. জেলা প্রশাসক, নারায়ণগঞ্জ।
৩. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নারায়ণগঞ্জ সদর।
৪. ভাইস চেয়ারম্যানদ্বয়, উপজেলা পরিষদ, নারায়ণগঞ্জ সদর।
৫. জেলা খাদ্য নিয়ন্ত্রক, নারায়ণগঞ্জ সদর।

অনুলিপি ঃ সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলো-

৬. উপজেলা নির্বাহী অফিসার, নারায়ণগঞ্জ সদর।
৭. উপজেলা ...., নারায়ণগঞ্জ সদর।
৮. জনাব....................(সংশ্লিষ্ট সদস্য) নারায়ণগঞ্জ সদর।
৯. অফিস কপি।

(আঃ মুকিত)
উপজেলা খাদ্য নিয়ন্ত্রক
ও
সদস্য সচিব
বাজার মূল্য পর্যবেক্ষণ, মনিটরিং ও নিয়ন্ত্রণ সংক্রান্ত স্থায়ী কমিটি
নারায়ণগঞ্জ সদর।

CamScanner